

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার কার্যালয়  
কালিহাতি, টাঙ্গাইল।  
Email: [kalihati@uhfpo.dghs.gov.bd](mailto:kalihati@uhfpo.dghs.gov.bd)

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	রিনা পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
সভার তারিখ	:	১২/০৯/২০২১ খ্রি.
সভার সময়	:	সকাল ১১.৩০ ঘটিকা
স্থান	:	মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	চেয়ারম্যান, নাগবাড়ী ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, কালিহাতি স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তিকৃত রোগীদের জন্য অক্সিজেন সরবরাহের যথেষ্ট সুব্যবস্থা নেই। জরুরী ভিত্তিতে উক্ত হাসপাতালে অক্সিজেন সিলিন্ডার সরবরাহের জন্য সভায় প্রস্তাব করেন।	কালিহাতি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য অক্সিজেন সিলিন্ডার সরবরাহের লক্ষ্যে উক্ত প্রস্তাবটি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উত্থাপনের সিদ্ধান্ত গ্রহণ।	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কালিহাতি
০২	চেয়ারম্যান, বনুয়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, কালিহাতি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে রাতের বেলার অন্ধকার দূরীকরণের জন্য কিছু সোলার স্ট্রীট লাইট স্থাপনের প্রস্তাব করেন।	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সোলার স্ট্রীট লাইট স্থাপনের জন্য উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উত্থাপনের সিদ্ধান্ত গ্রহণ।	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিহাতি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে তাঁদের উপর অর্পিত সরকারি দায়িত্ব দক্ষতা, সততা ও নিষ্ঠার সাথে পালনের এবং সকল সদস্যকে আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। অতঃপর সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(রিনা পারভীন)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

ও

সভাপতি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত উপজেলা কমিটি  
কালিহাতি, টাঙ্গাইল।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। জনাব.....  
.....  
কালিহাতি, টাঙ্গাইল।



উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

ও

সদস্য সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত উপজেলা কমিটি  
কালিহাতি, টাঙ্গাইল।